

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/26/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো প্রাথমিক নির্বাচনে ভোটদানকে আরও সহজ করার উদ্দেশ্যে দলীয় তালিকাভুক্তি পরিবর্তন স্বরাশ্রিত করার আইনে স্বাক্ষর করেছেন

14 ফেব্রুয়ারি পর্যন্ত করা দলীয় তালিকাভুক্তি কিংবা নতুন তালিকাভুক্তি পরিবর্তন অবিলম্বে কার্যকর হবে

গভর্নর কুওমো: "ফেডারাল প্রশাসন যখন সারাদেশে ভোটারদের ভোটাধিকার হরণ করার নতুন নতুন উপায় অনুসন্ধান করছে, তখন নিউইয়র্কে আমরা ব্যালট বাস্তব বাধা অতিক্রম করতে এবং আরও বেশি মানুষকে এই মৌলিক অধিকারটি প্রয়োগ করতে অনুপ্রেরণিত করতে একের পর এক গুরুত্বপূর্ণ পরিবর্তন করে চলেছি। নিউ ইয়র্কের নির্বাচনব্যবস্থা শক্তিশালী করতে এবং সবসময়ের জন্য ভোটারদের অংশগ্রহণ বৃদ্ধি করতে আমাদের করা বেশ কিছু সংস্কারের উপর ভিত্তি করে দাঁড়িয়ে থাকা এই পদক্ষেপটি রাষ্ট্রপতি, কংগ্রেসনাল এবং স্টেটের প্রাথমিক নির্বাচনে নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের মতামত গোচরে নিয়ে আসাকে সহজ করে তুলবে।"

আজ গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ভোটারদের জন্য আসন্ন প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণকে সহজ করার উদ্দেশ্যে দলীয় তালিকাভুক্তি স্বরাশ্রিত করার আইনে (S.6532A/A.8228B) স্বাক্ষর করেছেন। এখন অবধি, নভেম্বরের সাধারণ নির্বাচন শেষ হবার আগ পর্যন্ত দলীয় তালিকাভুক্তি কার্যকর হয়নি, যে কারণে পরিবর্তন কার্যকর হতে ভোটারদের এক বছর পর্যন্তও অপেক্ষা করতে হয়। নতুন আইনটি 11 অক্টোবরের নির্ধারিত সময়সীমা অপসারণ করবে এবং 14 ফেব্রুয়ারি পর্যন্ত দলীয় তালিকাভুক্তি পরিবর্তন করতে ভোটারদের সময় দেবে এবং এপ্রিলের প্রেসিডেন্ট ও জুনের কংগ্রেস ও স্টেট প্রাথমিক নির্বাচনে ভোট প্রদানে সক্ষম করবে। পরিবর্তনটি অনতিবিলম্বে কার্যকর হবে।

"ফেডারাল প্রশাসন যখন সারাদেশে ভোটারদের ভোটাধিকার হরণ করার নতুন নতুন উপায় অনুসন্ধান করছে, তখন নিউইয়র্কে আমরা ব্যালট বাস্তব বাধা অতিক্রম করতে এবং আরও বেশি মানুষকে এই মৌলিক অধিকারটি প্রয়োগ করতে অনুপ্রেরণিত করতে একের পর এক গুরুত্বপূর্ণ পরিবর্তন করে চলেছি", **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কের নির্বাচনব্যবস্থা শক্তিশালী করতে এবং সবসময়ের জন্য ভোটারদের অংশগ্রহণ বৃদ্ধি করতে আমাদের করা বেশ কিছু সংস্কারের উপর ভিত্তি করে দাঁড়িয়ে থাকা এই পদক্ষেপটি রাষ্ট্রপতি, কংগ্রেসনাল এবং স্টেটের প্রাথমিক নির্বাচনে নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের মতামত গোচরে নিয়ে আসাকে সহজ করে তুলবে।"

সিনেটর ব্রায়ান ক্যাভানাহ বলেন, "আমাদের প্রণয়ন করা আজকের পরিবর্তনটির মাধ্যমে, বহু নিউ ইয়র্কবাসীকে তাদের পছন্দের দলে যোগ দেয়ার এবং আমাদের প্রাথমিক নির্বাচনে অংশ নেয়ার পথের বাধাকে উল্লেখযোগ্যভাবে কমিয়ে দিচ্ছি। প্রায় এক দশক ধরে আমাদের অত্যন্ত সীমাবদ্ধ দলীয় তালিকাভুক্তি আইনের সংস্কারে কাজ করার পর, আমি সন্তুষ্ট যে ভোট দানের অধিকার রক্ষা ও সম্প্রসারিত করতে এবং নিউ ইয়র্কের নির্বাচনী আইনকে দেশের সর্বোচ্চ মানের সমান করতে, আমরা এই বছর ইতোমধ্যে প্রণীত অনেকগুলো আইনের সাথে এই ভোটার বান্ধব সংস্কারকে যুক্ত করতে সক্ষম। আমি নেতা আল্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিম, সিনেট নির্বাচন কমিটি (Senate Election Committee)-র সভাপতি জেলনর ম্যারি, স্পিকার কার্ল হেইস্টি, এবং অ্যাসেম্বলি পৃষ্ঠপোষক জনাথন জ্যাকবসনকে তাদের নেতৃত্বের জন্য, এবং আজ এই বিলে স্বাক্ষর ও সংস্কারের দৃঢ় রেকর্ড অব্যাহত রাখার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য জনাথন জ্যাকবসন বলেন, "ভোট দান স্পষ্ট ও সহজ হওয়া উচিত। এ বছরের অধিবেশনে, প্রথম দফার ভোটগ্রহণ-সহ বহু উল্লেখযোগ্য ভোট সংস্কার আইনসভায় পাশ হয়েছে। গভর্নর কুয়েমো আজ যে বিলটিতে স্বাক্ষর করেছেন তা নাটকীয়ভাবে ভোটারদের দলীয় তালিকাভুক্তি পরিবর্তনের সময়কে বাড়িয়ে দিয়েছে। প্রেসিডেন্ট নির্বাচনের মাত্র 10 সপ্তাহ আগ পর্যন্ত ভোটাররা এখন তাদের তালিকাভুক্তি অবস্থা পরিবর্তন করতে পারবেন। আমি এই বিলে স্বাক্ষর করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেটে ভোটার অধিকার সম্প্রসারণের ব্যাপারে সমর্থন অব্যাহত রাখার জন্য গভর্নরকে সাধুবাদ জানাই।"

14 ফেব্রুয়ারির পর ভোটারদের করা তালিকাভুক্তি পরিবর্তন পরবর্তী জুনের প্রাথমিক নির্বাচনের সাত দিন পরে কার্যকর হবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবন্ধুইব করুন](#)